

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়

বান্দরবান পার্বত্য জেলা

(সাধারণ শাখা)

www.bandarban.gov.bd

স্মারক : ০৫.৪২.০৩০০.২০৫.১৮.০৩৭.২৫. ১৫৭

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩১
০৫ মার্চ ২০২৫

“গণবিজ্ঞপ্তি”

পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি, এসসিকেটিআইডি প্রকল্প, পাওয়ার গ্রিড এর স্মারক নং-২৭.২১.০০০০.৪৬১.৮২.০০১.২৫-৫৫৮ তারিখ- ১৪ জানুয়ারি ২০২৫ খ্রি. মূলে “চট্টগ্রাম বিভাগের দক্ষিণাঞ্চল এবং কালিয়াকৈরে বঙ্গাবন্ধু হাই-টেক সিটি’র সঞ্চালন অবকাঠামো উন্নয়ন (SCKTID Project)” প্রকল্পের আওতায় নির্মাণাধীন আনোয়ারা-কক্সবাজার ২৩০ কেভি সঞ্চালন লাইন লামা উপজেলার আজিজনগর ইউনিয়ন এবং কক্সবাজার(নর্থ)-টেকনাফ ১৩২কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমধুম ইউনিয়নের উপর দিয়ে অতিক্রম করবে।

০২। ২০১৮ সালের বিদ্যুৎ আইনে প্রদত্ত ক্ষমতাবলে পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি এ ধরনের বিদ্যুৎ সঞ্চালন লাইন নির্মাণ করতে পারে। উক্ত আনোয়ারা-কক্সবাজার ২৩০ কেভি সঞ্চালন লাইনটি বান্দরবান জেলার লামা উপজেলার আজিজনগর ইউনিয়ন এবং কক্সবাজার(নর্থ)-টেকনাফ ১৩২কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমধুম ইউনিয়নের উপর দিয়ে অতিক্রম করবে। সঞ্চালন লাইনটি নির্মিত হলে সংশ্লিষ্ট এলাকার বিদ্যুৎ ব্যবস্থার উন্নতি সাধিত হবে, ফলে লোড শেডিং হ্রাসসহ মানসম্মত বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে। এ সময় সংশ্লিষ্ট এলাকার ফসলাদি (যদি থাকে) ও বৃক্ষরাজির কিছু ক্ষতি হতে পারে বিধায় সংশ্লিষ্ট সংস্থা বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত হারে ক্ষতিগ্রস্ত সকল মালিককে ফসলাদি/বৃক্ষরাজির ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে।

০৩। এই প্রকল্প দেশের সার্বিক উন্নয়নের স্বার্থে অতীব জনগুরুত্বপূর্ণ। প্রকল্পের কাজ যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন হতে পারে সে জন্য সংশ্লিষ্ট এলাকার সকল জনসাধারণকে উক্ত কাজে সহযোগিতার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

০৪। বর্ণিত যে সব এলাকার উপর দিয়ে উক্ত সঞ্চালন লাইনটির নির্মাণ কাজ করা হবে, সে সকল এলাকার উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জ, অন্য সকল কর্মকর্তা, কর্মচারীগণকে সার্বিক সহযোগিতা প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

০৫। এ প্রসঙ্গে সকলকে সতর্ক করে দেয়া হলো যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জাতীয় গুরুত্বপূর্ণ প্রকল্পের কাজে যারা অহেতুক প্রতিবন্ধকতা সৃষ্টি করবে তাদের বিরুদ্ধে আইন মোতাবেক কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। এই কাজটি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করা যাচ্ছে।


২৫.০৬.২৫
শামীম আরা রিনি

জেলা প্রশাসক

বান্দরবান পার্বত্য জেলা

ফোন: ০২৩৩৩০২১০১ (অফিস)


E-mail: dcbandarban@mopa.gov.bd

স্মারক : ০৫.৪২.০৩০০.২০৫.১৮.০৩৭.২৫. ১৫৭

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩১
০৫ মার্চ ২০২৫

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ০২। পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা
- ০৩। প্রকল্প পরিচালক, এসসিকেটিআইডি প্রকল্প, পাওয়ার গ্রিড, ঢাকা।
- ০৪। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বান্দরবান পার্বত্য জেলা
- ০৫। বিভাগীয় বন কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার, লামা/নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা
- ০৭। সহকারী কমিশনার, আইসিটি শাখা, অত্র কার্যালয় (গণবিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৮। অফিস কপি।


২৫.০৬.২৫
জেলা প্রশাসক
বান্দরবান পার্বত্য জেলা